মহাফল, এইজন্য ভক্তিই মুখ্য শ্রেয়ঃসাধন। অর্থাৎ অন্য যত সকল সাধনই অনুষ্ঠান করা হউক্, কিন্তু সে সকল "ন সাধয়তি"—অর্থাৎ আমাকে বশীভূত করিতে পারে না। "ন স্বাধ্যায়স্তপস্ত্যাগঃ" এই শ্লোকে উক্ত তপঃ শব্দের অর্থ জ্ঞানসাধন। অর্থাৎ জ্ঞানসাধনও আমাকে বশীভূত করিতে পারে না। ত্যাগ শব্দের অর্থ সন্ন্যাস-আশ্রমধর্ম্ম ॥ ৭৮ ॥

সেই প্রকার ভক্তি ভিন্ন অন্য কোন সাধনেই যে চিত্তশুদ্ধি হইতে পারে না, তাহাই আর একটী শ্লোকে বলিতেছেন—হে উদ্ধব! আমার ভক্তিহীন চিত্তকে সত্য-দয়াযুক্ত ধর্ম্ম এবং চিত্তের একাগ্রতাযুক্ত শাস্ত্রীয় জ্ঞান সম্যক্‌রূপে শোধন করিতে নিশ্চয়ই অসমর্থ। ইতি শ্লোকার্থ। এস্থলে ধর্ম্মশব্দে—নিষ্কাম-ধর্ম্ম, বিদ্যাশব্দে—শাস্ত্রীয় ব্রহ্মজ্ঞান, তপঃ শব্দে ব্রহ্মপ্রতিপাদক-শাস্ত্রানুশীলন, অথবা ব্রহ্মস্বরূপানুসন্ধানে চিত্তের একাগ্রতারূপ অর্থ বুঝিতে হইবে। আমার ভক্তিলক্ষণ-সাধনসমূহে কিন্তু চিত্ত যেমন বিশুদ্ধি লাভ করে, তেমন আর কোন সাধনে হয় না। তাহাই একটী শ্লোকে বলিতেছেন—

হে উদ্ধব! আমার জগৎ-পবিত্রকারী নাম, রূপ, লীলা, শ্রবণ-কীর্ত্তন দ্বারা যেমন যেমন চিত্ত বিশুদ্ধ হইয়া থাকে, তেমন তেমন ভাবে দিব্যাঞ্জন-যুক্ত চক্ষু যেমন সূক্ষ্মবস্তু দেখিতে পায়, তেমনি সূক্ষ্মতত্ত্বদর্শন করিবার সামর্থ্য ঘটিয়া থাকে। ইতি শ্লোকার্থ ॥ ৮০ ॥

**টীকা চ**—ননু ব্রহ্মবিদাপ্নোতি পরং তমেব বিদিত্বাতিমৃত্যুমেতীত্যাদিশ্রুতিভ্যো জ্ঞানাদেবাবিদ্যানিবৃত্ত্যা তৎপ্রাপ্তিরবগম্যতে কুতো ভক্তিযোগেনেত্যুচ্যতে তত্রাহ, যথা যথেতি। আত্মা চিত্তং পরিমৃজ্যতে শোধ্যতে। মৎপুণ্যগাথানাং শ্রবণৈরভিধানৈশ্চ। ভক্তেরেব অবান্তরব্যাপারো জ্ঞানং ন পৃথগিত্যর্থঃ ইত্যেষা ॥ ১১ ॥ ১৪ ॥
শ্রীভগবান ৭৫-৮০

শ্রীস্বামীপাদকৃত টীকার ব্যাখ্যা যথা—এস্থানে একটী জিজ্ঞাসা হইতে পারে যে—"যে জন ব্রহ্মস্বরূপ অনুভব করিতে পারে, সেইজন পরতত্ত্ববস্তু লাভ করিতে পারে এবং সেই পরমাত্মস্বরূপ অনুভব করিয়া মৃত্যুগ্রস্ত সংসার অতিক্রম করিতে সমর্থ হয়।" সেইসকল শ্রুতিপ্রমাণে জ্ঞানসাধন হইতেই অবিদ্যানিবৃত্তি জন্য সেই পরতত্ত্ববস্তু প্রাপ্তি হইয়া থাকে, ইহাই পাওয়া যায়। অতএব, ভক্তিযোগের দ্বারা মায়ানিবৃত্তির কথা বলিবার হেতু কি? তাহারই উত্তরে শ্রীকৃষ্ণ শ্রীউদ্ধবকে বলিতেছেন—"যথা যথা ইতি" আত্মা (চিত্ত) আমার পবিত্র চরিত্রসমূহ শ্রবণ ও কীর্ত্তনের দ্বারা যেমন যেমনভাবে পরিমার্জিত অর্থাৎ শোধিত হয়, তেমন তেমনভাবে দিব্য অঞ্জনযুক্ত নেত্রের মত সূক্ষ্মবস্তু দর্শন করিতে পারে। এই প্রমাণে রন্ধনকার্য্য উদ্দেশ্যে চুল্লীতে